

## ■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১০৫৯

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৮১- যে ব্যক্তি (অনেকের মধ্যে) কাউকে নির্দিষ্ট করে সালাম দেয়া অপছন্দ করে।

بَابُ مَنْ كَرهَ تَسْلِيمَ الْخَاصَّةِ

## আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، عَنْ بَشِيرِ بْنِ سَلْمَانَ، عَنْ سَيَّارٍ أَبِي الْحَكَمِ، عَنْ طَارِقٍ قَالَ: كُنَّا عِنْدَ عَبْدِ اللهِ جُلُوسًا، فَجَاءَ آذِنُهُ فَقَالَ: قَدْ قَامَتِ الصَّلَاةُ، فَقَامَ وَقُمْنَا مَعَهُ، فَدَخَلْنَا الْمَسْجِدِ، فَكَبَّرَ وَرَكَعَ، وَمَشَيْنَا وَفَعَلْنَا مِثْلَ مَا فَعَلَ، فَمَرَّ فَرَأَى النَّاسَ رُكُوعًا فِي مُقَدَّمِ الْمَسْجِدِ، فَكَبَّرَ وَرَكَعَ، وَمَشَيْنَا وَفَعَلْنَا مِثْلَ مَا فَعَلَ، فَمَرَّ رَجُلُ مُسْرِعٌ فَقَالَ: عَلَيْكُمُ السَّلاَمُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ، فَقَالَ: صَدَقَ اللَّهُ، وَبَلَّغَ رَسُولُهُ، وَجُلُلْ مُسْرِعٌ فَقَالَ: عَلَىٰكُمُ السَّلاَمُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ، فَقَالَ: صَدَقَ اللَّهُ، وَبَلَقْغَ رَسُولُهُ، فَلَمَّا صَلَيْنَا رَجَعَ، فَوَلَجَ عَلَى أَهْلِهِ، وَجَلَسْنَا فِي مَكَانِنَا نَنْتَظِرُهُ حَتَّى يَخْرُجَ، فَقَالَ بَعْضُنَا لِبَعْضٍ: أَيُّكُمْ يَسْأَلُهُ؟ قَالَ طَارِقٌ: أَنَا أَسْأَلُهُ، فَسَأَلُهُ، فَقَالَ: عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: بَيْنَ يَدَي السَّاعَةِ: تَسْلِيمُ الْخَاصَّةِ، وَفُشُو التِّجَارَةِ حَتَّى تُعِينَ الْمَرْأَةُ زُوْجَهَا عَلَى البَّعَالَ شَالُهُ، وَقُلُهُ وَلُكَمْ بِالزُّورِ، وَكِتْمَانُ شَهَادَةً وَوْجَهَا عَلَى التِجَارَةِ، وَقَطْعُ الأَرْحَامِ، وَفُشُو الْقَلَمِ، وَظُهُولُ الشَّهَادَةِ بِالزُّورِ، وَكِتْمَانُ شَهَادَةٍ الْطَحَقِ.

## বাংলা

১০৫৯। তারিক ইবনে শিহাব (রহঃ) বলেন, আমরা আবদুল্লাহ (রাঃ)-র নিকট বসা ছিলাম। এমতাবস্থায় তার সংবাদ বাহক এসে বললো যে, নামাযের জামাআত শুরু হয়ে গেছে। অতএব তিনিও উঠলেন এবং আমরাও তার সাথে উঠে মসজিদে প্রবেশ করলাম। তিনি লোকদেরকে মসজিদে সম্মুখভাগে রুকু অবস্থায় দেখলেন। তিনি তাকবীর (তাহরীমা) বলে রুকু করলেন। আমরাও সামনে অগ্রসর হয়ে তার অনুরূপ করলাম। এক ব্যক্তি ক্রতবেগে যেতে বললো, হে আবদুর রহমানের পিতা! আসসালামু আলাইকুম। তিনি বলেন, আল্লাহ তাআলা সত্য বলেছেন এবং তার রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম পূর্ণরূপে পৌছে দিয়েছেন। আমরা নামায শেষ করলে তিনি ফিরে গিয়ে তার অন্দরমহলে চলে গেলেন এবং আমরা তার (ফিরে আসার) অপেক্ষায় স্বস্থানে বসে থাকলাম। শেষে তিনি বের হয়ে এলেন। আমাদের কতক কতককে বললো, তোমাদের কে তাঁকে জিজ্ঞেস করবে? তারিক (রহঃ) বলেন, আমি তাঁকে জিজ্ঞেস করবো। অতএব তিনি জিজ্ঞেস করলে আবদুল্লাহ (রাঃ) বলেন, মহানবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের নিকটবর্তী কালে লোক বিশেষকে নির্দিষ্ট করে সালাম



দেয়ার প্রচলন হবে এবং ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, ফলে স্বামীর ব্যবসায়ে স্ত্রীও সহযোগিতা করবে। রক্ত সম্পর্কীয় আত্মীয়তা ছিন্ন করা হবে। জ্ঞান-বিজ্ঞানের প্রসার ঘটবে, মিথ্যা সাক্ষ্যদানের প্রচলন হবে এবং সত্য সাক্ষ্য গোপন করা হবে। (আহমদঃ ৩৮৭০)

## **English**

Tariq said, "We were sitting with 'Abdullah when his doorkeeper came and said, 'The iqama for the prayer has been given.' He got up and we got up as well and went to the mosque. He saw the people doing ruku' at the front of the mosque. He said the takbir, bowed, and we went and did the same thing that he had done. Then a man rushed past and said, 'Peace be upon you, Abu 'Abdu'r-Rahman.' He said, 'Allah has spoken the truth and His Messenger conveyed the Message.' When we finished the prayer, he returned and went back to is people. We remained sitting in our places, waiting for him until he came out. We said to each other, 'Which of us will ask him?' Tariq said, 'I will ask him,' and he did so. 'Abdullah said, 'From the Prophet, may Allah bless him and grant him peace, who said, "Before the Final Hour people will single out one individual for the greeting, commerce will increase until a woman helps her husband in business, people will sever their links with their relatives, knowledge will spread, false testimony will appear and true testimony will be concealed.""

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46443

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন